

আন্তর্জাতিক

শিক্ষার্থীদের কাছে নরেন্দ্র মোদীর ক্ষমা চাওয়া উচিত: রাহুল গান্ধী

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমালোচনা করে কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেছেন, দেশের শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর কোনো ক্ষমার প্রয়োজন নেই, বরং প্রধানমন্ত্রীর নিজেরই তাদের কাছে ক্ষমা চাওয়া উচিত। চেন্নাইয়ের কাছে মহাবলীপুরমে নিট পরীক্ষার কারণে আত্মহত্যা নিহত শিক্ষার্থীদের পরিবারের সঙ্গে দেখা করে সমবেদনা জানানোর সময় তিনি এ কথা বলেন।

সন্তান হারানো শোকাহত বাবা-মায়ের কান্নার চেয়ে বেদনাদায়ক আর কিছু হতে পারে না উল্লেখ করে রাহুল গান্ধী বলেন, প্রতিটি তরুণ প্রাণ ঝরে যাওয়ার পেছনে একটি করে পরিবার সারাজীবনের কষ্টের বোঝা বয়ে বেড়াচ্ছে।

এ সময় প্রশ্নপত্র ফাঁস হওয়া, পরীক্ষা বাতিল হওয়া এবং বছরের পর বছর ধরে করা প্রস্তুতি এক রাতে ধ্বংস হয়ে যাওয়া দেশের ভেঙে পড়া শিক্ষাব্যবস্থাকেই উন্মোচন করেছে বলে মন্তব্য করেন তিনি। অসাধু একটি ব্যবস্থার মধ্য দিয়ে শিক্ষার্থীদের প্রতি কোনো সততা না দেখিয়ে

তাদের কাছ থেকে সততার প্রত্যাশা করা হচ্ছে বলেও অভিযোগ করেন এই কংগ্রেস নেতা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিক্ষার্থীদের সমালোচনার মুখে তাদের ক্ষমা করার যে মন্তব্য করেছেন, তার প্রতিক্রিয়ায় রাহুল গান্ধী এই অবস্থান নেন। এছাড়া প্রশ্নপত্র ফাঁসের কারণে যাদের ভবিষ্যৎ নষ্ট হয়েছে বা সন্তান হারিয়ে যারা শোকাহত, প্রধানমন্ত্রী তাদের কাউকেই সাহায্য দিতে যাননি বলে সমালোচনা করেন তিনি।

কেন্দ্র সরকার শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের এই মর্মান্তিক কষ্ট উপলব্ধি করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে বলেও অভিযোগ করেন রাহুল গান্ধী।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাস্ট্রায় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/shiksharthider-kachhe-nrendr-modir-kshma-chaoya-uchit-rahul-gandhi>